

ছেলে হোক, মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
পিরোজপুর।  
fpo.pirojpur.gov.bd



মুজিব বর্ষের অঙ্গীকার  
পরিকল্পিত পরিবার।

স্মারক নং ৫৫৯.১১.৭৯০০.০০০.১১.০০১.২১ ৭১০

তারিখঃ- ১৬/১২/২০২১

### পিরোজপুর জেলা পরিবার পরিকল্পনা বিভাগে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ৩১ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখের জেপপ/পিরোজ/নিয়োগ/ ২০২১/ ৪৭০ নম্বরে প্রকাশিত পিরোজপুর জেলা পরিবার পরিকল্পনা বিভাগে ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী নিয়োগ পরীক্ষা আগামী ২৪/১২/২০২১খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল প্রার্থী অনলাইনে আবেদন করেছেন তারা আগামী ১৪/১২/২০২১খ্রিঃ তারিখ হতে ২৩/১২/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্ত মোতাবেক প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য বলা হল।

শর্তাবলী ও নির্দেশিকাঃ

- ১। পরীক্ষার্থীগণকে স্বাস্থ্য বিধি মেনে যথানিয়মে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে পরীক্ষা কেন্দ্র ও কক্ষে প্রবেশ করতে হবে;
- ২। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং কক্ষ পরিদর্শককে প্রদর্শন করতে হবে;
- ৩। লিখিত পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে এবং লিখিত পরীক্ষায় কালো কালির কলম ব্যবহার করতে হবে;
- ৪। উত্তরপত্র ও হাজিরা শীটে প্রদত্ত স্বাক্ষর প্রার্থীর আবেদনপত্রে স্বাক্ষরের সাথে মিল থাকতে হবে;
- ৫। পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষাকক্ষে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র/ইলেকট্রনিক্স ডিভাইস আনা যাবে না;
- ৬। প্রশ্নপত্র দেয়ার পর হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কোন অবস্থাতেই পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৭। লিখিত পরীক্ষা শেষে উত্তরপত্র এবং প্রশ্নপত্র উভয়ই জমা প্রদান পূর্বক পরীক্ষা হল ত্যাগ করতে হবে;
- ৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার কমপক্ষে ৩০(ত্রিশ) মিনিট পূর্বে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল কাগজপত্রের মূল কপি এবং ০১(এক) সেট সত্যায়িত ফটোকপিসহ নির্ধারিত ডেকে রিপোর্ট করতে হবে;
- ৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা (তারিখ যথাসময়ে নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের মাধ্যমে অবহিত করা হবে) জেলা প্রশাসকের কার্যালয়ে, পিরোজপুর অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবেনা;
- ১০। অনিবার্য কারণবসতঃ কর্তৃপক্ষ পরীক্ষার দিন, তারিখ, সময় ও ভেন্যু পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এবুপ করা হলে পরিবর্তিত দিন, তারিখ, সময় ও ভেন্যু ইত্যাদি জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পিরোজপুর এবং জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইট [www.pirojpur.gov.bd](http://www.pirojpur.gov.bd) এবং [www.fpo.pirojpur.gov.bd](http://www.fpo.pirojpur.gov.bd) এর মাধ্যমে ও পরীক্ষার্থীর অনলাইন আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে;
- ১১। পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবেনা;
- ১৩। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/১২/২১  
দিলীপ কুমার দাস  
উপপরিচালক  
পরিবার পরিকল্পনা  
পিরোজপুর